গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

আদেশ নং- ~~৫৮~~ ৫৯ তারিখঃ ০৪/০৮/২০২০ খ্রি.

## অফিস আদেশ ঃ

মহামারী কোভিড-১৯ প্রেক্ষিতে সামাজিক ও শারীরিক দূরত্ব রক্ষা করে আদালতের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক একাধিক বিজ্ঞপ্তি এবং প্রাকটিস নির্দেশনা এর আলোকে অত্র কার্যালয়ের অফিস আদেশ নং-৪০, তারিখ ঃ ১১/০৫/২০২০খ্রি., অফিস আদেশ নং-৫৪. তারিখ ঃ ০৫/০৭/২০২০ খ্রি. এর ধারাবাহিকতায় এবং সর্বশেষ মাননীয় সুপ্রীম কোর্টের বিজ্ঞপ্তি নং-১৪ জে, তারিখ ঃ ৩০/০৭/২০২০ খ্রি. প্রেক্ষিতে করোনা সংক্রমণ রোধকল্পে সরকারী জারীকৃত স্বাস্থ্য বিধির অনুসরণে নিন্মোক্ত নির্দেশনা জারী করা হল।

### নির্দেশনাসমূহ ঃ

১। আদালত ভবনের প্রবেশ পথে এক বা একাধিক বাক্স প্রতিটি আদালতের জন্য নির্ধারিত থাকবে। আদালতে প্রতিদিন দাখিলযোগ্য যেকোন দরখাস্ত/হাজিরা কাগজপত্রাদি ইত্যাদি যথাযথভাবে প্রস্তুতপূর্বক সকাল ১০.১৫ ঘটিকার মধ্যে উক্ত বাক্সে রাখতে হবে।

২। এতদুদ্দেশ্যে মনোনীত যেকোন বিজ্ঞ ম্যাজিস্ট্রেট কিংবা ক্ষেত্রমতে সংশ্লিষ্ট আদালতের দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ ম্যাজিস্ট্রেট সকাল ১০.১৫ ঘটিকায় উক্ত বাক্স/বাক্স সমূহের তালা খুলে বাক্সে রক্ষিত দরখাস্ত/কাগজাদি বুঝে নেবেন।

৩। বাক্স খুলে সংশ্লিষ্ট বিজ্ঞ ম্যাজিস্ট্রেট সকল দরখাস্ত/হাজিরার কাগজ/অন্যান্য কাগজাদির একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করবেন এবং উক্ত দরখাস্ত/কাগজাদি সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারীগণকে বুঝিয়ে দেবেন।

৪। বেঞ্চ সহকারীগণ উপরোক্ত দরখাস্ত/হাজিরা/কাগজপত্রাদি বুঝে নিয়ে আদালতের এজলাস কার্যক্রম শুরুর আগেই সংশ্লিষ্ট নথিতে সামিল করবেন।

৫। জামিননামাসমূহ একইস্থানে উক্ত নির্ধারিত বাক্সে দাখিল করতে হবে। বিকাল ০৪.০০ টার মধ্যে জামিননামাসমূহ বাক্স থেকে গ্রহণ করা হবে এবং একই তারিখের আসামীর মুক্তিনামা ই-মেইল যোগে কারাগারে পাঠানো হবে। বিকাল ০৪.০০ টার পরে যেসব জামিননামা দাখিল করা হবে সেসব জামিননামা ও আসামীর মুক্তিনামা পরবর্তী দিন কারাগারে প্রেরণ করা হবে।

৬। প্রতিদিনের কজলিস্টের (কার্য তালিকা) একটি কপি বিকাল ০৫.০০ টার মধ্যে আদালতের নোটিশ বোর্ডে টাঙগিয়ে দেওয়া হবে।

৭। আদালতে প্রতিদিন দায়েরকৃত সি.আর/গ্রহণকৃত জি.আর ও নন.জি.আর মামলাসমূহের নম্বর, বাদী ও আসামীদের নাম ঠিকানা অভিযোগে উল্লিখিত আইনের ধারা ও পরবর্তী তারিখ উল্লেখপূর্বক একটি তালিকা প্রতিদিন বিকাল ০৫.০০ টায় আদালতের নোটিশ বোর্ডে টাঙগিয়ে দেওয়া হবে।

৮। আদালতের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সামাজিক দূরত্ব রক্ষার নিমিত্ত মাননীয় সুপ্রীম কোর্টের জারীকৃত প্রাকটিস নির্দেশনার আলোকে যে সমস্ত ক্ষেত্রে আদালত সংশ্লিষ্ট কোন ব্যক্তিকে/আসামীকে আদালতে শারিরীকভাবে হাজির করা সম্ভব হবে না। সেসব ক্ষেত্রে বিদ্যমান আইন, বিধি ও প্রাকটিস নির্দেশনার কোনরূপ ব্যত্যয় না ঘটিয়ে উক্ত ব্যক্তির ভার্চুয়াল উপস্থিতির ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। ইতোপূর্বে অত্র আদালত থেকে জারীকৃত প্রাকটিস নির্দেশনাসমূহ অত্র নির্দেশনার আলোকে অনুসরণ করতে হবে।

১০। আদালতের যাবতীয় কার্যক্রমের তথ্য http://rangamati.judiciary.org.bd এই ওয়েব পোর্টালে নিয়মিত প্রদান করা হবে।

(এ.এন.এম. মোরশেদ খান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- সি.জে.এম.(প্রশা)/২০২০-১৩৬ তারিখঃ ০৪/০৮/২০২০ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মাননীয় জেলা ও দায়রা জজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**অনুলিপি অবগতির জন্য ঃ**

৩। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**অনুলিপি অবগতির জন্য** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

৬। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯। জেলা তথ্য কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১। কোর্ট পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২। জেল সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩। সভাপতি, রাঙ্গামাটি প্রেস ক্লাব, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪। অফিস কপি।

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
রাঙ্গামাটি পার্বত্য জেলা।